

স্কুলে ভর্তি পাঁচদিনে সারাদেশে তিন লাখ ৬০ হাজার আবেদন

নিজস্ব বার্তা পরিবেশক

: মঙ্গলবার, ২৫ নভেম্বর ২০২৫

পাঁচদিনের কম সময়েই দেশব্যাপী স্কুলে ভর্তির আবেদন পড়েছে তিন লাখ ৬০ হাজারের মতো। সারাদেশের সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে প্রথম থেকে নবম শ্রেণীতে ২০২৬ শিক্ষাবর্ষের ভর্তির আবেদন অনলাইনে চলছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) তথ্যানুযায়ী, মঙ্গলবার, (২৫ নভেম্বর ২০২৫) বিকেল পর্যন্ত ১১ লাখ আসনের বিপরীতে আবেদন পড়েছে তিন লাখ ৫৯ হাজার ৬টি। এই আবেদন চলবে আগামী ৫ ডিসেম্বর বিকেল ৫টা পর্যন্ত। ভর্তি আবেদন ২১ নভেম্বর থেকে শুরু হয়েছে।

মাউশির তথ্যানুযায়ী, এবার সরকারি-বেসরকারি সাত হাজার ৫০১টি বিদ্যালয়ে মোট আসন আছে ১১ লাখ ৯৩ হাজার ২৮১টি।

জানা গেছে, ৭২১টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে এক লাখ ২১ হাজার ৩০টি আসনের বিপরীতে আবেদন করেছে দুই লাখ ৬০ হাজার ২৪৪ জন এবং তিন হাজার ৩৬০টি বেসরকারি বিদ্যালয়ে রয়েছে মোট দশ লাখ ৭২ হাজার ২৫১টি আসন। এর বিপরীতে আবেদন করেছে ৯৮ হাজার ৭৬২ জন শিক্ষার্থী। তারা পছন্দক্রম দিয়েছে এক লাখ ৮০ হাজার ৮৬২টি।

মঙ্গলবার, বিকেল পর্যন্ত পাঁচদিনে সরকারি ও বেসরকারি স্কুলে আবেদন করেছে তিন লাখ ৫৯ হাজার ৬ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী। এসব শিক্ষার্থী মোট পাঁচ লাখ ৫৬ হাজারটি পছন্দক্রম (এক শিক্ষার্থী সর্বোচ্চ পাঁচটি স্কুল) দিয়েছে।

এ বিষয়ে মাউশির পরিচালক অধ্যাপক খান মইনুন্দিন আল মাহমুদ সোহেল বলেন, আরও দশ দিন আবেদনর সময় রয়েছে। আবেদন আরও বাড়বে।

আবেদনপ্রক্রিয়া শেষে লটারি আয়োজন করা হবে জানিয়ে তিনি বলেন, স্বয়ংক্রিয় পদ্ধতিতে ভর্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হবে।

গত ২১ নভেম্বর সরকারি-বেসরকারি স্কুলে ভর্তি আবেদন শুরু হয়। আবেদন প্রক্রিয়া শেষ হওয়ার পর একটি ডিজিটাল লটারির মাধ্যমে ভর্তিযোগ্য শিক্ষার্থীদের বাছাই ও ভর্তি করা হবে। এ বছর ভর্তির আবেদন ফি নির্ধারণ করা হয়েছে ১০০ টাকা।

ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীরা <https://gsa.teletalk.com.bdGB> ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ ও এক্রিবষ্ববঃধৰ্ম চৃত্ব-তৃতীয় গড়নরূপ নম্বর থেকে এসএমএস মাধ্যমে আবেদন ফি দিয়ে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে পারবে। ভর্তিসংক্রান্ত বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট ভর্তি কমিটি-প্রধান শিক্ষকের নোটিশ বোর্ড থেকে জানা যাবে।

আবেদনের নির্দেশিকায় বলা হয়েছে, কোনো আবেদনকারী অসদুপায় অবলম্বন করে একই প্রতিষ্ঠানে একাধিকবার আবেদন করলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।

ଲଗଇନ୍ କରାର ପର କୁଲେର ଭର୍ତ୍ତି ସଂକ୍ରାନ୍ତ ତଥ୍ୟ ଇନ୍ପୁଟ ଦେୟାର ପର ସେଭ କରେ ସାମାରି ବାଟନେ କ୍ଲିକ କରଲେ ପୂରଣକୃତ ସବ ତଥ୍ୟ ପ୍ରଦର୍ଶିତ ହବେ ଯା ପ୍ରିନ୍ଟ କରେ ରାଖା ଯାବେ । କୋନୋ ତଥ୍ୟ ପରିବର୍ତ୍ତନେର ପ୍ରୟୋଜନ ହଲେ ପୁନରାୟ ସଠିକ ତଥ୍ୟ ସେଭ କରେ ପୁନରାୟ ସାମାରି ବାଟନେ କ୍ଲିକ କରେ ତଥ୍ୟେର ପ୍ରିନ୍ଟ କପି ସଂରକ୍ଷଣ କରତେ ହବେ ।